



একটি ত্রৈমাসিক পোল্ট্রি নিউজলেটার ওয়ার্ল্ড'স পোল্ট্রি সায়েন্স এসোসিয়েশন-বাংলাদেশ শাখা (WPSA-BB)

WPSA-BB ত্রৈমাসিক নিউজলেটার মে বর্ষ ১ম সংখ্যা সেপ্টেম্বর ২০১৫ খ্রিঃ ওয়েব : www.wpsa-bb.com

এ সংখ্যায় থাকছে

- ১। সম্পাদকীয়: পৃষ্ঠা ২
- ২। প্রবন্ধ/নিবন্ধ: পৃষ্ঠা ২-৪
- ৩। WPSA-BB বার্তা: পৃষ্ঠা ৫-৬
- ৪। WPSA ওয়ার্ল্ডওয়াইড আগাম বার্তা: পৃষ্ঠা -৭
- ৫। ছবিতে WPSA-BB কার্যনির্বাহী কমিটি- ২০১৫-২০১৬: পৃষ্ঠা ৮

সম্পাদকীয় উপদেষ্টামন্ডলী

জনাব শামসুল আরেফিন খালেদ, সভাপতি, WPSA-BB
জনাব মোঃ সিরাজুল হক, সাধারণ সম্পাদক, WPSA-BB
জনাব মশিউর রহমান, প্রাক্তন সভাপতি, WPSA-BB

সম্পাদক

প্রফেসর ড. এমদাদুল হক চৌধুরী, সহ-সভাপতি, WPSA-BB
ই-মেইলঃ emdad001@yahoo.com

উপ-সম্পাদক

ডাঃ মোহাম্মদ কামরুজ্জামান, যুগ্ম সাধারণ সম্পাদক, WPSA-BB
ই-মেইলঃ biolabdd@gmail.com, info@biolab.com.bd

সম্পাদনা পরিষদ সদস্যবৃন্দ

ড. সুবাস চন্দ্র দাস, কার্যনির্বাহী সদস্য, WPSA-BB
ড. এ বি এম খালেদুজ্জামান, কার্যনির্বাহী সদস্য, WPSA-BB
জনাব মোঃ রফিকুল হক, প্রাক্তন সাধারণ সম্পাদক, WPSA-BB

সার্বিক সহযোগিতা

WPSA-BB সচিবালয়
মেগা ডমিসাইল, ফ্ল্যাট বি-৬, প্লট-৯১, রোড-৪, ব্লক-বি
নিকেতন, গুলশান-১, ঢাকা-১২১২, বাংলাদেশ।
ফোন : ৮৮৩২২৩৮, মোবাইল : ০১৭১১৩৭১০১৯, ফ্যাক্স : ৮৮৩২২৩৭
ই-মেইল : info@wpsa-bb.com, ওয়েব : www.wpsa-bb.com

Our Experience. Your Success.



Distributor
Inter Agro BD Ltd.
Road # 29, House # 396, Flat # A4
New DOHS, Mohakhali, Dhaka-1206,
Tel : +88 02 8750747, Fax : +88 02 8818532
Mob : +88 01711 592002

For more product information visit : www.ctbworld.com

সভাপতির বাণী



WPSA-BB এর নিয়মিত কার্যক্রমের মধ্যে নিউজলেটার প্রকাশনা একটি অন্যতম কাজ হলেও শো ও সেমিনার, নির্বাচন এবং নির্বাচনোত্তর ইজিএম আয়োজনের কারণে গত দুটি সংখ্যা নিয়মিত পরিসরে প্রকাশ করা সম্ভব হয়নি বিধায় সম্পাদকীয় পরিষদের পক্ষ থেকে আমি সম্মানিত সুধীবৃন্দের নিকট দুঃখ প্রকাশ করছি। যাহোক, WPSA-BB নিউজলেটার'এর মে বর্ষের ১ম সংখ্যা যথাসময়ে প্রকাশিত হচ্ছে বিধায় আমি প্রকাশনায় সম্পৃক্ত সকলকে জানাচ্ছি আন্তরিক ধন্যবাদ।

সুধী, প্রাণীজ আমিষের উৎস হিসেবে ডিম সারা বিশ্বে সমাদৃত। বাংলাদেশের মত উন্নয়নশীল দেশে পোল্ট্রি উৎপাদন বাড়লেও বৃহত্তর জনগোষ্ঠী বিশেষ করে নিম্ন আয়ের জনগণ স্কুলের ছাত্র-ছাত্রীদের একটি বিরাট অংশ এখনও নিয়মিত ডিম খেতে পারছে না। তাই একদিকে যেমন দেশে ডিম উৎপাদন বাড়ানো প্রয়োজন অন্যদিকে ডিমের পুষ্টিমান সম্পর্কেও ব্যাপক প্রচারণা দরকার। একইসাথে ডিমের বাজার ব্যবস্থা উন্নয়নও সময়ের দাবী।

আপনারা জানেন যে, আগামী ৯ ই অক্টোবর, ২০১৫ সারা বিশ্বে 'বিশ্ব ডিম দিবস ২০১৫' উদযাপন করা হবে। দিবসটির গুরুত্ব বিবেচনায় এনে WPSA-BB এর সার্বিক সহযোগিতায় বাংলাদেশ পোল্ট্রি ইন্ডাস্ট্রিজ সমন্বয় কমিটি (BPIC) কর্তৃক রাজধানী ঢাকাসহ ৭টি বিভাগীয় শহরে একই সংগে বিভিন্ন শ্লোগান সম্বলিত প্রাকার্ডসহ শোভাযাত্রা, 'মিট দ্যা প্রেস' এবং বিভিন্ন শ্লোগান সম্বলিত পোস্টারিং করবে।

প্রিয় পাঠক, আপনারা নিশ্চয় অবগত আছেন যে, বাংলাদেশে এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব দেখা দেওয়ার পর থেকে প্রতি বছরই শীত মৌসুমে এর প্রাদুর্ভাবের মাত্রা বেড়ে যায়। অতীত অভিজ্ঞতায় দেখা গেছে যে, তাপমাত্রা কমার পূর্বে রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য সমন্বিত পদক্ষেপ গ্রহণ করা হয় না বিধায় এভিয়ান ইনফ্লুয়েঞ্জার প্রাদুর্ভাব প্রকট আকার ধারণ করে। তাই রোগ প্রতিরোধ ক্ষমতা বৃদ্ধির জন্য এ সময়ে ফ্লুকে মানসম্পন্ন খাবার সরবরাহ নিশ্চিত করাসহ সঠিকভাবে বায়োসিকিউরিটি বা জীব নিরাপত্তা ব্যবস্থাপনায় মনোযোগী হওয়া খুবই জরুরী। শীত মৌসুম শুরু হওয়ার পূর্বেই অবশ্যই ফার্মের বায়োসিকিউরিটি উন্নতকরণে নজরদারী রাখা অতীব প্রয়োজন বলে আমি মনে করি। বিগত দিনগুলোর মতই তৃণমূল খামারীদের কল্যাণে জীব নিরাপত্তা ও পোল্ট্রি শিল্প উন্নয়ন সহায়ক বিভিন্ন সেমিনার, কর্মশালা, প্রোগ্রাম এবং সচেতনতামূলক প্রচার-প্রচারণা পরিচালনায় WPSA-BB আগামীতে অগ্রণী ভূমিকা পালন করে যাবে বলে আমরা আশাবাদী।

সম্মানিত পাঠকবৃন্দ; পাঠকের ভালবাসা, সম্মানিত লেখকদের আন্তরিকতা, বিজ্ঞাপনদাতা, শুভানুধ্যায়ী এবং WPSA-BB এর সম্মানিত সদস্যদের সহযোগিতা আমাদের সবসময় কাম্য। WPSA-BB নিউজলেটার'এর সার্বিক মান উন্নয়নে আপনারদের নতুন নতুন ধারণা, গঠনমূলক সমালোচনা ও পরামর্শ কামনা করছি। সবাইকে পবিত্র ঈদুল আযহার শুভেচ্ছা জানাচ্ছি।

শামসুল আরেফিন খালেদ
সভাপতি, WPSA-BB

